

## গবেষণা

### সয়াবিনের উপর UV-B রশ্মির প্রভাব

জলবায়ু পরিবর্তনের সাথে সাথে ওজন স্তর ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং সাথে সাথে UV-B (অতিবেগুনি-বি) রশ্মির প্রাদুর্ভাব দিনে দিনে বেড়েই চলেছে যা শুধু প্রতিকূলই নয় সয়াবিনের জন্যও বিপদজনক। পরীক্ষা করে দেখা গেছে এ রশ্মি সয়াবিন উদ্ভিদ কোষের ডি.এন.এ. কে ক্ষতিগ্রস্ত করে যা ক্লোরোফিল উৎপাদনে ব্যাঘাত সৃষ্টি করে।

You can read more on the study by visiting: [http://www.pomics.com/lee\\_7\\_3\\_2014\\_123\\_132.pdf](http://www.pomics.com/lee_7_3_2014_123_132.pdf)

## বিশ্ব

### বায়োটেক গেমের বাণিজ্যিকীকরণে আন্তর্জাতিক সংগঠনগুলোর সহায়তা

পৃথিবীজুড়ে গেমের প্রয়োজনীয়তা অনুধাবন করতে পেরে অস্ট্রেলিয়া, যুক্তরাষ্ট্র এবং কানাডার ১৬টি সংগঠন বায়োটেক গম সম্প্রসারণে সহায়তার হাত বাড়িয়ে দিয়েছে। এ সংগঠনগুলো বায়োটেক গম আমদানি, রপ্তানি, বাজারজাতকরণ এবং সংশ্লিষ্ট প্রশাসনিক নিয়ম-নীতি অনুসরণেও ভূমিকা রাখতে বদ্ধ পরিকর।

Read the rest of the statement and the list of supporting organizations at <http://www.wheatworld.org/wp-content/uploads/Trilateral-Statement-June-2014.pdf>

## আফ্রিকা

### জিএমও নিষিদ্ধের আইন প্রত্যাহারের দাবি

স্বাস্থ্য ও বায়োটেকনোলজি বিষয়ক কেনিয়ান গভর্নর সম্প্রতি এক বক্তব্যে দেশটির জিএমও নিষিদ্ধের আইন প্রত্যাহার করে নিতে সরকারকে অনুরোধ করেছেন। তিনি বলেন এ আইনের ফলে বিনিয়োগকারীরা দেশটির অন্যান্য খাতেও বিনিয়োগ করতে নিরুৎসাহিত হচ্ছে যার প্রবাব জাতীয় অর্থনীতিতে বৈরী প্রভাব বিস্তার করছে। যেখানে পচলিত তুলা চাষ করলে ৬ বার কীটনাশক দিতে হয় সেখানে বায়োটেক তুলা চাষ করলে মাত্র ২ বার দিলে পোকাকার আক্রমণ হতে রক্ষা পাওয়া যায়। এমন পরিবেশ বান্ধব প্রযুক্তিকে গ্রহণ না করার কোন অভিপ্রায় থাকা উচিত নয় বলে মন্তব্য করেন গভর্নর রাংগুমা।

For more information on OFAB Kenya, contact Dr. Margaret Karembu, director of ISAAA AfriCenter at [mkarembu@isaaa.org](mailto:mkarembu@isaaa.org) and Chair of the OFAB-Kenya Programming Committee

## আমেরিকা

### ব্যাকটেরিয়া নিঃসৃত প্রোটিন উদ্ভিদের প্রতিরোধ ব্যবস্থার সূচনা করে

দীর্ঘদিন গবেষণার পর বিজ্ঞানীরা প্রমাণ করতে সক্ষম হয়েছেন যে ব্যাকটেরিয়া নিঃসৃত এক ধরনের প্রোটিনই উদ্ভিদের প্রতিরোধ ব্যবস্থার সূচনা করে। GroEL নামক এ প্রোটিনটি তারা এফিডের শরীরে খুঁজে পেয়েছেন। পূর্বে ধারণা করা হতো এ প্রোটিনটি প্রাণিদেহেই প্রতিরোধ ব্যবস্থা গড়ে তুলতে পারে।

For more information about this research, read the UCR news release at <http://ucrtoday.ucr.edu/22930>

### ফলজ উদ্ভিদের জেনোম ডাটাবেস

সম্প্রতি আমেরিকার একদল বিজ্ঞানী সকল ধরনের ফলজ উদ্ভিদের জিনোম ডাটাবেস গঠন করেছেন। tfGOR বা tree fruit genome database resources লিখে ইন্টারনেটে ব্রাউজ করলেই পৃথিবীর যেকোন প্রান্ত থেকে যে কোন ব্যক্তি এ ডাটাবেস পরিদর্শন করতে পারবে যেখানে প্রায় ২২ ধরনের ফলজ উদ্ভিদের জিনোমিক্স, জেনোটিক্স এবং ব্রিডিং সম্পর্কে সকল তথ্য সংরক্ষিত রয়েছে।

For details about the website, read the news release: <https://news.wsu.edu/2014/06/09/new-website-highlights-fruit-genome-databases/#.U5e7H3KSySp>. The tfGDR website is at <http://www.tfodr.org/>

## এশিয়া

### জিএমও লেবেলিং নিয়ে গবেষণা

নতুন প্রযুক্তি বিধায় জিএমও নিয়ে দৃষ্টিস্ত সবারই রয়েছে। তাই জিএম খাদ্যদ্রব্যের মোড়কে লেবেলিং প্রত্যাশা করে অনেকেই। কিন্তু ব্যাপারটি যেন আধুনিক এ প্রযুক্তির জন্য হিতে বিপরীত না হয় এ জন্যই এ গবেষণা। সকল আইন-কানুন মেনে জিএম ফসলের উপকারী দিকগুলোকেই যেন মোড়কে উল্লেখ করার ব্যবস্থা থাকে এ ব্যাপারে মত দিয়েছেন সংশ্লিষ্টরা।

Read the entire research paper at <http://goo.gl/pDZVWY>

## ইউরোপ

### উদ্ভিদের মূলের গঠনের জেনেটিক কারণ অনুসন্ধান

সম্প্রতি বার্মিংহাম এবং নটিংহাম বিশ্ববিদ্যালয়ের একদল গবেষক উদ্ভিদের মূলের গঠনের জেনেটিক কারণ উদঘাটন করেছে যা ফলন বৃদ্ধিতে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ভূমিকা রাখবে। এ গবেষণার মাধ্যমে AtMyB93 নামের যে জিনটি সনাক্ত করা হয়েছে তা মূলের বিভাজনকে ত্বরান্বিত করে। এরাবিডপসিস উদ্ভিদের উপর এ গবেষণা করা হলেও অন্যান্য উদ্ভিদের ক্ষেত্রেও এমন ফলাফল পাওয়া যাবে বলে বিজ্ঞানীদের আশাবাদ।

For details, read the BBSRC news release at <http://www.bbsrc.ac.uk/news/food-security/2014/140606-pr-root-growth-boost-crop-performance.aspx>